গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০০২.০৭৭.১৭(বিবিধ)-৩৭৫ তারিখঃ ০৮ শ্রাবণ ১৪২৬ / ২৩ জুলাই ২০১৯

বিষয়ঃ মহামান্য সুপ্রিমকোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-২৫৭/২০০৬ মামলার ০৯/০১/২০১১ তারিখের রায়, আপীল বিভাগের সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলা নং-১৭৯২/২০১২ এর ১০/০৮/২০১৫ খ্রি: তারিখের রায় এবং সিভিল রিভিউ পিটিশন নং-৮৭/২০১৮ মামলায় ২৫/১০/২০১৮ তারিখের রায় অনুযায়ী ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আল-কারীমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আ: ছোবহান এর নাম এমপিও থেকে কর্তন সংক্রান্ত।

সূত্র: ডিএমই-এর স্মারক নং-৫৭.২৫.০০০০.০০৫.০২.০৬৭.১৯-১০৩, তারিখ: ১৫/০৪/২০১৯ খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আল-কারীমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: আ: ছোবহানকে মাদ্রাসার ম্যানেজিং কমিটি বরখাস্ত করে উক্ত বরখাস্ত আদেশকে অনুমোদনের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের নিকট প্রস্তাব করা হলে উক্ত বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক বর্ণিত বরখাস্ত অনুমোদক্রমে তাঁকে বামাশিবো'র আপীল এন্ড আরবিট্রেশন কমিটির ২৮/০৭/২০০৩ তারিখের পত্রের মর্মানুযায়ী তাকে (জনাব মো: আ: ছোবহানকে) চূড়ান্ত বরখাস্তকরণের আদেশ প্রদান করা হয়।

২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের আপীল এন্ড আরবিট্রেশন কমিটি কর্তৃক সুপার. জনাব মো: আ: ছোবহানকে চাকুরি থেকে চুড়ান্ত অপসারণের আদেশ দেয়া হলে উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে তৎকর্তৃক রিট পিটিশন নং-২৫৭/২০০৬ মামলা দায়ের করা হয়।

৩। রিট পিটিশন নং-২৫৭/২০০৬ মামলায় মাননীয় আদালত কর্তৃক প্রদত্ত ০৯/০১/২০১১ তারিখের রায়/আদেশ নিম্নরুপ-

"The petition appeared before the Appeal and Arbitration Committee and presented his part of the case. Ultimately, the Committee vide the impugned order dated 27.07.2003 approved the decision of the Managing Committee. Hence, we find no illegality in the impugned approval dated 28.07.2003 of the Appeal and Arbitration Committee of the Board.

Lastly, the decision dated 3.1.2000 passed by the Managing Committee of the Madrasha to dismiss the petitioner having not been taken by the person as defined in Article 102(5) of the Constitution the supplementary Rule is not maintainable.

Accordingly, this Rule is discharged without any order as to costs.

৪। বর্ণিত রিট পিটিশন মামলার রায় পিটিশনারের প্রতিকূলে হওয়ায় পিটিশনার জনাব মো: আ: ছোবহান কর্তৃক মহামান্য সুপ্রিমকোর্টে সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং-১৭৯২/২০১২ দায়ের করা হয়। উক্ত আপীল মামলার ১০/০৮/২০১৫ তারিখের রায় নিম্নরুপ-

"We have heard both of the parties and persued the impugned judgment and order passed by the High Court Division. We find no merit in this person filed by the petitioner against the impugned judgment of the High Court Division.

Accordingly, the petition is dismissed."

৫। সিভিল পিটিশন ফর লিভ টু আপীল মামলার রায় পিটিশনারের প্রতিকূলে হওয়ায় পিটিশনার জনাব মো: আ: ছোবহান কর্তৃক মহামান্য সুপ্রিমকোর্টে সিভিল রিভিউ পিটিশন নং-৮৭/২০১৮ মামলা দায়ের করা হয়। উক্ত সিভিল রিভিউ মামলায় মহামান্য সুপ্রিম কোর্ট কর্তৃক গত ২৫/১০/২০১৮ খ্রি: তারিখে নিম্নরুপ রায় প্রদান করা হয়-

"The civil review petition is out of time by 916 days but the explanation offered seeking condonation of delay is not at all satisfactory"

Accordingly, the civil review petition is dismissed as barred by limitation.

৬। "যেহেতু রিট পিটিশন নং-২৫৭/২০০৬ মামলার ০৯/০১/২০১১ তারিখের রায়/আদেশ, সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং- ১৭৯২/২০১২ মামলার ১০/০৮/২০১৫ তারিখের রায় এবং সিভিল রিভিউ পিটিশন মামলা নং-৮৭/২০১৮ এর ২৫/১০/২০১৮ তারিখের রায় পিটিশনার এর প্রতিকূলে ঘোষিত হয়েছে সেহেতু ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আল-কারীমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসার এমপিও সীট হতে সুপার. জনাব মো: আ: ছোবহান এর নাম কর্তন করা আবশ্যক" মর্মে ডিএমই এর পত্রে উল্লেখ করা হয়েছে।

৭। উল্লেখ্য- রিট মামলার রায়ের বর্ণনানুযায়ী দেখা যায় যে, পিটিশনার ০১/০৯/৯২ তারিখে বর্ণিত মাদ্রাসায় সুপার পদে যোগদান করেন। পরবর্তীতে প্রতিষ্ঠানের কিছু শিক্ষক-কর্মচারী ও পরিচালনা কমিটির সদস্যদের দুর্নীতির বিরুদ্ধে পিটিশনার কর্তৃক প্রতিবাদ করার কারণে তিনি তাদের চোখে পড়েন। এর ফলে উক্ত মাদ্রাসার ব্যবস্থাপনা কমিটির ২১/০১/১৯৯৫ তারিখের সিদ্ধান্ত অনুযায়ী কিছু অস্পষ্ট অভিযোগের ভিত্তিতে (...bringing some vague allegiations he was suspended...) গত ২২/০১/১৯৯৫ তারিখের পত্রের মাধ্যমে পিটিশনার-কে বরখাস্ত করা হয়। এর ফলে উপরিউক্ত মামলার উদ্ভব হয়।

চলমান পাতা-০২

৮। যেহেতু রিট পিটিশন নং-২৫৭/২০০৬ মামলার ০৯/০১/২০১১ তারিখের রায়/আদেশ এর বিরুদ্ধে একাধিকবার দায়েরকৃত সিভিল পিটিশন ফর লিভ টু আপীল নং- ১৭৯২/২০১২ এবং সিভিল রিভিউ পিটিশন মামলা নং-৮৭/২০১৮ এর রায় পিটিশনার এর প্রতিকূলে ঘোষিত হয়েছে এবং উক্ত রায়ের আলোকে ডিএমই কর্তৃক বর্ণিত প্রতিষ্ঠানের এমপিও সীট হতে আলোচ্য সুপার (জনাব মো: আ: ছোবহান) এর নাম কর্তনের জন্য সুপারিশ করা হয়েছে এবং যেহেতু পিটিনার এর পক্ষে অন্য কোন আইনগত প্রতিকার পাওয়ার সুযোগ নেই সেহেতু ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আল-কারীমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসার এমপিও সীট হতে সুপার. জনাব মো: আ: ছোবহান এর নাম কর্তন করা আবশ্যক।

৯। এমতাবস্থায়, উপরিউক্ত মতে ময়মনসিংহ জেলার সদর উপজেলাধীন আল-কারীমুল বারী রহমানিয়া দাখিল মাদ্রাসা'র এমপিওসীট হতে সুপার (জনাব মো: আ: ছোবহান, ইনডেক্স নং-৩৩৭১১৬) এর নাম কর্তনপূর্বক আগামী ৩০/৬/২০১৯ তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিতকরণসহ গত ২৫/১০/২০১৮ খ্রি: তারিখে Review Petition (জনাব মো: আ: ছোবহান কর্তৃক দাখিলকৃত) নামঞ্জুর হওয়ায় ২৫/১০/২০১৮ খ্রি: তারিখের পর জনাব মো: আ: ছোবহান কর্তৃক কোন এমপিও উত্তোলিত হয়ে থাকলে সে টাকাও উক্ত ব্যক্তির নিকট হতে আদায়পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান নিশ্চিতক্রমে আগামি ০৪/০৮/২০১৯ খ্রি: তারিখের মধ্যে টিএমইডি-কে অবহিততির জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।

(মো: আ: খালেক মিঞা)
সিনিয়র সহকারী সচিব (আইন)

মহাপরিচালক
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার
লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েভসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৩। অতিরিক্ত সচিব (মাদ্রাসা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ,শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৪। যুগ্মসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
৫। অফিস কপি/মাস্টার কপি।